

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০১.৩০৮০.১৮৭.১৪.৪৮.২০১৩-০৪৩

তারিখঃ ৩০ অক্টোবর ১৪২৫
১৫ অক্টোবর ২০১৮

বিষয়ঃ হবিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, হবিগঞ্জ-এর ২০১৫-২০১৬ আর্থিক সনের অডিটে পরিলক্ষিত অনিস্পন্ন অগ্রিম অনুচ্ছেদের ব্রডশীট জবাব প্রেরণ।

- সূত্র: ১। কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২২.০১.০৮০.১৬-১২৪; তারিখ: ১৮/০৯/২০১৮খ্রি।
২। হবিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট-এর স্মারক নং-৩৭.০৩.৩৬৪৪.০১০.০১.০০১.১২-৭০৬; তারিখ: ১৫/০৫/২০১৮খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট-এর ২০১৫-২০১৬ আর্থিক সনের অডিটে পরিলক্ষিত অনিস্পন্ন অগ্রিম অনুচ্ছেদ-০১-এর ব্রডশীট জবাব-এ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মতামতসহ স্বাক্ষর, উত্থাপিত অডিট আপত্তির জবাবের স্বপক্ষে তথা বৎসর ভিত্তিকের পরিবর্তে সেমিস্টার ভিত্তিক ফি আদায়ের স্বপক্ষে মন্ত্রণালয়ের কোন প্রমাণক তথা সরকারি নির্দেশনার কপি সংযুক্ত করা হয়নি।

০২। আদায়কৃত টাকা কোন কোন খাতে ব্যয় করা হয়েছে উক্ত খাতগুলো সরকার (শিক্ষা মন্ত্রণালয়) কর্তৃক অনুমোদিত এ মর্মেও কোন প্রমাণক দেয়া হয়নি।

০২। অতএব, উপরিউক্ত মতে ব্রডশীট জবাব তৈরীক্রেমে (প্রমাণকসহ) জবাবের নির্দিষ্ট স্থানে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মতামতসহ ব্রডশীট জবাব আগামী ২৫.১০.২০১৮ তারিখের মধ্যে ব্রডশীট জবাব এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


১৫/১০/১৮

(নূরজাহান বেগম)
সহকারী সচিব (অডিট ও আইন)
ফোনঃ ৯৫৭৫২৭২

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. অধ্যক্ষ, হবিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, হবিগঞ্জ।
২. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. যুগ্মসচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।